# পুলিশ কোনো দলীয় লাঠিয়াল বাহিনী নয়: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পুলিশকে দলীয় প্রভাবমুক্ত ও জনবান্ধব বাহিনী হিসেবে গড়ে তুলতে কাজ করছে সরকার বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, পুলিশ কোনো রাজনৈতিক দল বা গোষ্ঠীর লাঠিয়াল বাহিনী নয়, বরং জনগণের নিরাপত্তা ও সেবায় নিয়োজিত একটি পেশাদার বাহিনী।

রোববার (২ আগস্ট) সকালে রাজশাহীর সারদা পুলিশ একাডেমিতে ২৭তম বিসিএস পুলিশ ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, পুলিশকে আরও দক্ষ, আধুনিক ও সেবামুখী বাহিনীতে রূপ দিতে সরকার নানা উদ্যোগ নিয়েছে। এর অংশ হিসেবে জনবল বৃদ্ধি, পেশাগত দক্ষতা উন্নয়ন এবং পুরস্কার ও জবাবদিহিতার ব্যবস্থা চালু করা হয়েছে। সাহসিকতা ও ভালো কাজের স্বীকৃতি দেওয়া হচ্ছে, একই সঙ্গে শৃঙ্খলাভঙ্গ বা অপরাধে জড়িত সদস্যদের বিরুদ্ধেও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

LENS ASIA

তিনি বলেন, সরকারের অন্যতম অগ্রাধিকার হলো কার্যকর আইনশৃঙ্খলা নিশ্চিত করে মানুষের মধ্যে নিরাপত্তাবোধ ফিরিয়ে আনা। আইনের শাসন প্রতিষ্ঠায় পুলিশ বাহিনীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে জানানো হয়, ২৭তম বিসিএস পুলিশ ব্যাচের এক বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণ আপাতত ছয় মাসে সম্পন্ন করা হয়েছে। ৫৬ জন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারকে মাঠপর্যায়ের বাস্তব প্রশিক্ষণের জন্য বিভিন্ন জেলায় সংযুক্ত করা হয়েছে। পরবর্তী দুই ধাপে বাকি ছয় মাসের প্রশিক্ষণ সম্পন্ন করা হবে।